



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১০.১৬.০০১.১৮.২২০

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

বিষয়: **তুলা উন্নয়ন বোর্ডের “তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫” এর ২.১ এর ‘ক’ স্ব-প্রণোদিত তথ্য অংশটুকু হালনাগাদকরণ প্রসঙ্গে।**
তুলা উন্নয়ন বোর্ডের তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা এর অন্তর্ভুক্ত “স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ (১.২)” শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য তুলা উন্নয়ন বোর্ডের “তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫” এর ২.১ এর ‘ক’ স্ব-প্রণোদিত তথ্য অংশটুকু নিম্নরূপ হালনাগাদ করা হলো।

(ক) স্ব-প্রণোদিত তথ্যঃ তথ্যগুলো তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রণোদিতভাবে তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.cdb.gov.bd) প্রকাশিত থাকবে। যদি চাহিদা অনুযায়ী কোন তথ্য তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে না পাওয়া যায় তাহলে তথ্য চাহিদাকারী/ চাহিদাকারীগণ তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় (তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা) তথ্য কর্মকর্তার নিকট চেয়ে লিখিতভাবে/ ইলেকট্রনিক মাধ্যমে/ ই-মেইলে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, ওয়েবসাইটে প্রকাশিত তথ্য ও আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান গ্রহণযোগ্য হবে।

স্ব-প্রণোদিত তথ্যঃ

১. তুলা উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর বিবরণ
২. তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর, আঞ্চলিক কার্যালয়, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং খামারসমূহের সকল কার্যক্রম
৩. সকল প্রকাশিত প্রতিবেদন
৪. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য
৫. তুলা উন্নয়ন বোর্ডের নিয়োগবিধি, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়াল
৬. নির্বাহী পরিচালক, অন্যান্য অফিস প্রধানদের নাম ও যোগাযোগের ঠিকানা
৭. দায়িত্বরত কর্মকর্তাগণের নাম, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ঠিকানা
৮. সকল প্রকার প্রকল্পের আর্থিক ও কারিগরি প্রতিবেদন সমূহ
৯. তুলা উন্নয়ন বোর্ডের সকল প্রকার বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি
১০. প্রকল্প সংক্রান্ত তথ্যাদি
১১. নাগরিক সনদ
১২. তুলা উন্নয়ন বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ
১৩. তুলা উন্নয়ন বোর্ডের উদ্ভাবন পরিকল্পনা সংক্রান্ত
১৪. তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্যাদি
১৫. তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি
১৬. তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও ইমেইল
১৭. সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের কমিটিসমূহ, ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টগণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও ইমেইল
১৮. তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক উদ্ভাবিত জাত ও প্রযুক্তিসমূহ
১৯. তুলা উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকার সভার নোটিশ
২০. তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি

২১. তুলা উন্নয়ন বোর্ডের নিয়োগ বিজ্ঞপ্তি/ফলাফল
২২. গুরুত্বপূর্ণ কার্যাবলীর ক্যাপশনসহ ছবি
২৩. তথ্য অধিকার আইন সংক্রান্ত তথ্যাদি
২৪. তুলা উন্নয়ন বোর্ডের বার্ষিক ক্রয় পরিকল্পনা
২৫. তুলা উন্নয়ন বোর্ডের ইনোভেশন টিম
২৬. তুলা উন্নয়ন বোর্ডের উদ্ভাবনী প্রকল্পসমূহ
২৭. কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির প্রজ্ঞাপন
২৮. তুলা উন্নয়ন বোর্ডের মানব সম্পদ উন্নয়ন (দেশ বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা) সংক্রান্ত তথ্যাদি।



২১-১২-২০২১

মোঃ আখতারুজ্জামান
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :


- ১) উপপরিচালক, ঢাকা/রংপুর/চট্টগ্রাম/যশোর
- ২) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)
- ৩) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/বগুড়া/খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।/রংপুর/যশোর/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/কুষ্টিয়া/ঠাকুরগাঁও।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১০.১৬.০০১.১৮.২২০/১(৪)

তারিখ: ৬ পৌষ ১৪২৮
২১ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৪) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



২১-১২-২০২১

সাবিহা রোকসানা
তুলা উন্নয়ন কর্মকর্তা